



স্মারক নং : ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০- ১৮৭৫/২৪


তারিখ : ১২-১১-২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বিভিন্ন অর্থবছরে (২০১৯-২০ হতে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত) Bounced/Returned হওয়া বৃত্তির অর্থ শিক্ষার্থীদের নামীয় Bank Account-এ প্রেরণের লক্ষ্যে তথ্য সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, MIS Software-এ প্রতিষ্ঠান হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের এন্ট্রিকৃত/সংশোধিত তথ্যের ভিত্তিতে অর্থ মন্ত্রণালয়ের SPFMS কর্মসূচি শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করে। মাউশি থেকে জারিকৃত একাধিক পত্রে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে বৃত্তি সংক্রান্ত নির্দেশনা অনুসরণপূর্বক তথ্য এন্ট্রি/সংশোধনের জন্য বলা হলেও প্রতিষ্ঠান থেকে এন্ট্রিকৃত তথ্যে ব্যাংক সংক্রান্ত বিভিন্ন ভুলের (ব্যাংকের নাম/শাখা/রাউটিং নম্বর/হিসাব নম্বর/হিসাবধারীর একক বা যৌথ নামের ভিন্নতা/হিসাব নিষ্ক্রিয়/ Inactive/Freeze থাকা) কারণে অনেক শিক্ষার্থীর EFT বার বার Bounced/ Returned হচ্ছে। ফলে, সকল শিক্ষার্থীর বৃত্তির অর্থ তাদের ব্যাংক হিসাবে জমা হয়নি। এ বিষয়ে শিক্ষার্থীদের ব্যাংক সংক্রান্ত তথ্য সংশোধনের জন্য মাউশি হতে প্রতিষ্ঠান বরাবর একাধিকবার পত্র জারি করা হলেও Bounced হওয়া অধিকাংশ শিক্ষার্থীর ব্যাংক তথ্য সংশোধন করা হয়নি।

প্রতিষ্ঠান বৃত্তির সফটওয়্যারে Log in করে স্ব-স্ব প্রতিষ্ঠানের এন্ট্রিকৃত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের পেমেট রিপোর্ট Generate/Download করতে পারবে (রিপোর্ট-পেরোল রিপোর্ট-অর্থবছর ও পেমেট অবস্থা সিলেক্ট করে রিপোর্ট দেখা যাবে)। এর মধ্যে Bounced/Returned হওয়া শিক্ষার্থীদের ব্যাংক সংক্রান্ত তথ্য যাচাই-বাছাইপূর্বক (প্রয়োজনে শিক্ষার্থীর ব্যাংক Statement এর সাথে মিলিয়ে) প্রয়োজনীয় সংশোধন/সক্রিয়করণ করতে হবে। এছাড়া ৩০ অক্টোবর, ২০২৩ তারিখে মাউশি হতে জারিকৃত পত্রে বর্ণিত নির্দেশনাসমূহ (কপি সংযুক্ত) অনুসরণ করতে হবে। বর্ণিত নির্দেশনাবলী অনুসরণ না করার ফলে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে বৃত্তির অর্থ প্রেরণ/প্রাপ্তিতে উদ্ভূত যে কোন ধরনের সমস্যার জন্য প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে।

এমতাবস্থায়, মাউশি অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বিভিন্ন অর্থবছরে Bounced/Returned হওয়া শিক্ষার্থীদের তথ্য আগামী ২০/১১/২০২৩ তারিখের মধ্যে MIS অনলাইন সফটওয়্যার লিংকে প্রবেশ করে জরুরিভিত্তিতে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


12.11.23
(কামরুন নাহার)

সহকারি পরিচালক (একিউএইউ)
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৬. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৭. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৮. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৯. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১১. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১২. রেজিস্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি....সকল)
১৩. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)
১৪. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারিসকল)
১৫. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)
১৬. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৭. উপপরিচালক (কলেজ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বিভিন্ন অর্থবছরে (২০১৯-২০ হতে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত) Bounced/Returned হওয়া বৃত্তির অর্থ শিক্ষার্থীদের নামীয় Bank Account-এ সচল/সংশোধন।]- শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্কলে প্রকাশের অনুরোধসহ।
১৯. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
২০. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
২১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
২২. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)
২৩. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২৪. সংরক্ষণ নথি।